

আপনি যদি এই চিঠিটি সহজপাঠ্য, ব্রেইল বা অন্য কোনো ভাষায় পেতে চান, তবে অনুগ্রহ করে [england.nhs.uk/coronavirus/patient-letter](https://www.england.nhs.uk/coronavirus/patient-letter) দেখুন বা যোগাযোগ করুন এখানে [england.contactus@nhs.net](mailto:england.contactus@nhs.net)।

প্রতি:

NHS England and NHS Improvement  
Skipton House  
80 London Road  
London  
SE1 6LH

৩১শে মার্চ ২০২২

## করোনাভাইরাসের চিকিৎসাসংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি

আপনার মেডিকেল রেকর্ডসমূহ বর্তমানে দেখাচ্ছে যে আপনার যদি করোনাভাইরাস লেগে থাকে তবে আপনি চিকিৎসার জন্যে উপযুক্ত হতে পারেন।

আপনি হয়তো পূর্বেই এই চিঠির একটি সংস্করণ পেয়ে থাকতে পারেন। এটিকে আপডেট করা হয়েছে কারণ সরকার করোনাভাইরাসের জন্যে আপনার যেভাবে পরীক্ষা করা হতো তা পরিবর্তন করেছেন। ১লা এপ্রিল থেকে আপনাকে লেটারাল ফ্লো টেস্টসমূহ ব্যবহার করে করোনাভাইরাস লক্ষণসমূহ পরীক্ষা করতে হবে, কোন পিসিআর টেস্ট নয়।

এই চিঠিতে এটি ব্যাখ্যা করা হয়েছে যে:

1. আপনাকে বাড়িতে লেটারাল ফ্লো টেস্টসমূহ রাখতে হবে
2. আপনার করোনাভাইরাস লক্ষণসমূহ থাকলে আপনার একটি পরীক্ষা করা উচিত।  
**গুরুত্বপূর্ণ:** আপনাকে অবশ্যই আপনার পরীক্ষার ফলাফল অবহিত করতে হবে।
3. পরীক্ষায় আপনার জন্য যদি পজিটিভ আসে, তবে এনএইচএস চিকিৎসার ব্যাপারে আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

আরো তথ্যের জন্যে দেখুন: [www.nhs.uk/CoronavirusTreatments](https://www.nhs.uk/CoronavirusTreatments)

## আমরা এই চিঠিটি আপনাকে কেন পাঠাচ্ছি?

স্বাস্থ্য বিশেষজ্ঞরা স্বাস্থ্যের অবস্থা দেখেছেন যা মানুষকে করোনাভাইরাস থেকে আরও বেশি ঝুঁকিতে ফেলে। যুক্তরাজ্যের চিফ মেডিকেল অফিসাররা এই স্বাস্থ্যের অবস্থাগুলিতে সম্মত হয়েছেন।

আমরা আপনার সঙ্গে যোগাযোগ করছি কারণ আপনার মেডিকেল রেকর্ডসমূহ বর্তমানে এই দেখাচ্ছে যে আপনার এক বা একাধিক এই স্বাস্থ্যগত পরিস্থিতিসমূহ আছে। এর অর্থ হল এই যে আপনার জন্যে চিকিৎসাসমূহ উপযুক্ত হতে পারে যদি কোন পরীক্ষা এটি নিশ্চিত করে যে আপনার করোনাভাইরাস আছে।

এই চিকিৎসাগুলি আপনাকে গুরুতরভাবে অসুস্থ হওয়া থেকে বিরত রাখতে পারে এবং আপনার মধ্যে লক্ষণ দেখতে পাওয়ার পর থেকেই দ্রুত এগুলি করা উচিত।

### 1. আপনাকে বাড়িতে লেটারাল ফ্লো টেস্টসমূহ রাখতে হবে।

ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি আপনাকে ১২ই এপ্রিলের মধ্যে লেটারাল ফ্লো টেস্টসমূহের একটি প্যাক পাঠিয়ে দেবে। আপনার মধ্যে লক্ষণসমূহ দেখা দিলে তবেই এগুলি ব্যবহার করুন। আপনার কাছে যদি ফুরিয়ে যায়, তবে আপনি <https://www.gov.uk/order-coronavirus-rapid-lateral-flow-tests> -থেকে আরো অর্ডার করতে পারেন বা ১১৯-এ কল করতে পারেন।

আপনি সরকার দ্বারা প্রদত্ত যেকোনো লেটারাল ফ্লো টেস্টসমূহ ব্যবহার করতে পারেন। কোন দোকান থেকে কেনা টেস্টসমূহকে বর্তমানে GOV.UK বা ১১৯-এ কল করার মাধ্যমে নিবন্ধিত করা যাবে না এবং আপনার সঙ্গে চিকিৎসা সম্পর্কে যোগাযোগ করা হবে না যদি এই পরীক্ষাগুলো ব্যবহার করে আপনার পজিটিভ আসে।

আপনাকে যদি পূর্বে কোন পিসিআর টেস্ট পাঠানো হয় তবে আপনি এটি রাখতে পারেন। আপনাকে হয়ত কোন পিসিআর করাতে বলা হতে পারে যদি আপনি এনএইচএস থেকে চিকিৎসা পান।

### 2. আপনার একটি টেস্ট করা উচিত যদি আপনার করোনাভাইরাসের লক্ষণ থাকে।

আপনার যদি করোনাভাইরাসের লক্ষণসমূহ থেকে থাকে তবে আপনার লেটারাল ফ্লো টেস্ট তাৎক্ষণিক করানো উচিত, এমনকি যদি আপনার লক্ষণসমূহ হালকা প্রকৃতির হয় তবুও।

আপনাকে **অবশ্যই** আপনার ফলাফলটি জানাতে হবে এখানে <https://www.gov.uk/report-covid19-result> বা ১১৯ নম্বরে কল করতে হবে। আপনার এনএইচএস নম্বরটি এবং পোস্টকোড সঠিকভাবে প্রদান করা গুরুত্বপূর্ণ যাতে আপনার সাথে যোগাযোগ করা যায়।

আপনার টেস্ট যদি নেগেটিভ হয় কিন্তু তারপরও আপনার মধ্যে লক্ষণসমূহ দেখা যায়, তবে আপনার উচিত পরবর্তী দুইদিনের প্রত্যেকদিন আরেকটি টেস্ট করানো উচিত (সর্বমোট তিন দিনে তিনটি টেস্টসমূহ)।

### 3. আপনার যদি পজিটিভ আসে, তবে এনএইচএস চিকিৎসা সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করবেন।

যদি আপনার কোন লেটারাল ফ্লো টেস্টসমূহ পজিটিভ হয় এবং আপনি ফলাফল অবহিত করে থাকেন, তবে এনএইচএস চিকিৎসা সম্পর্কে আপনার সঙ্গে যোগাযোগ করবেন। যদি আপনার

পজ্জিটিভ টেস্টের ২৪ ঘণ্টার মধ্যে আপনার সাথে যোগাযোগ না করা হয়, তবে আপনার জিপি সার্জারি, ১১১ বা আপনার স্পেশালিস্ট ক্লিনিশিয়ানকে (যদি আপনার থাকে) কল করুন, যিনি একটি জরুরি রেফারেল তৈরি করতে পারবেন।

আপনার বিশ্বস্ত

**অধ্যাপক স্টিফেন পোভিস**

ন্যাশনাল মেডিকেল ডিরেক্টর

এনএইচএস ইংল্যান্ড এবং এনএইচএস ইমপ্রুভমেন্ট

এনএইচএস কীভাবে আপনার তথ্য ব্যবহার করেছে সে সম্পর্কে আরও তথ্য:

[www.digital.nhs.uk/coronavirus/treatments/transparency-notice](http://www.digital.nhs.uk/coronavirus/treatments/transparency-notice).